নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৩৮ ১৩ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবির সঙ্গে তুরস্কের আমাসিয়া বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় তুরস্কের আমাসিয়া বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ বুধবার (১৩ আগস্ট ২০২৫) উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে আমাসিয়া বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-রেক্টর অধ্যাপক ড. মুরাত কার্ট।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি এবং আমাসিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তি শিক্ষা ও গবেষণার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমি আশা করি, যদি এই দুটি বিশ্ববিদ্যালয় অংশীদারিত্বের ভিত্তিতে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে একসঙ্গে কাজ করে তাহলে উভয় বিশ্ববিদ্যালয়ই এই সহযোগিতামূলক প্রচেষ্টা থেকে উপকৃত হবে। আমি আরও আশা করি, এই ইরাসমাস চুক্তিটি নোবিপ্রবির বিজ্ঞানী ও গবেষকদের জন্য আমাসিয়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার এবং বিজ্ঞান, প্রকৌশল, ব্যবসা ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে যৌথ-সহযোগিতামূলক গবেষণা পরিচালনার দ্বার উন্মুক্ত করবে। চুক্তি সম্পাদনের সঙ্গে যুক্ত সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স (আইসিইএ) অফিসের তত্ত্বাবধানে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোবিপ্রবি শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর সরকার, ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসের অতিরিক্ত পরিচালক ও ইরাসমাস প্লাস প্রোগ্রামের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, নোবিপ্রবি প্রক্টর জনাব এ এফ এম আরিফুর রহমান, নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী এবং ডেপুটি রেজিস্ট্রার (আইসিইএ) ড. খালেদ মেহেদী হাসান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিজ্ঞান, প্রকৌশল, ব্যবসা ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে যৌথ-সহযোগিতামূলক গবেষণা পরিচালিত হবে এবং উচ্চশিক্ষা ও গবেষণায় এ চুক্তি বিশেষ ভূমিকা রাখবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪